# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৯৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকূ ও সাজদায় মহান আল্লাহর বড়ত্ব ঘোষনা করার নির্দেশ প্রসঙ্গে

## ذِكْرُ الْأَمْرِ بِتَعْظِيمِ الرَّبِّ جَلَّ وَعَلَا فِي الرُّكُوعِ وَالسُّجُودِ لِلْمُصَلِّي

আরবী

1897 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ سُلَيْمَانَ بْنِ سُحَيْمٍ عَنْ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَعْبَدٍ عَنْ أَبِيهِ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَشَفَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ السِّتَارَةَ وَالنَّاسُ صُفُوفٌ خَلْفَ أَبِي بَكْرٍ فَقَالَ: (أَيُّهَا النَّاسُ إِنَّهُ لَمْ يَبْقَ مِنْ مُبَشِّرَاتِ النُّبُوَّةِ إِلَّا الرُّؤْيَا الصَّالِحَةُ يَرَاهَا الْمُسْلِمُ أَوْ تُرى لَهُ) ثُمَّ قَالَ: (أَلَا إِنِّي نُهيت أَنْ أَقْرَأَ رَاكِعًا أَوْ سَاجِدًا أَمَّا الرُّكُوعُ فعظِّموا فِيهِ الرَّبَّ وَأَمَّا السُّجُودُ فَاجْتَهِدُوا في الدعاء فَقَمِنٌ أن يُستجاب لكم)

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1897 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (820)، ((صفة الصلاة)).

বাংলা

১৮৯৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর গৃহের পর্দা উন্মুক্ত করলেন, এসময় লোকজন আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর পিছনে সারিবদ্ধ হয়ে দাঁড়িয়েছিলেন, তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে লোকসকল, নবুওয়াতের শুভ সংবাদ দানকারী কোন কিছুই অবশিষ্ট নেই, শুধু ভালো স্বপ্ন ব্যতীত, যা মুসলিম ব্যক্তি স্বপ্নে দেখেন অথবা তাকে সে স্বপ্ন দেখানো হয়।” তারপর তিনি বলেন, “তোমরা জেনে রাখো, রুকূ‘ ও সাজদা অবস্থায় কুরআন পাঠ করতে আমাকে নিষেধ করা হয়েছে। রুকূ‘তে তোমরা তোমাদের প্রভুর বড়ত্ব ঘোষনা করবে আর সাজদায় দু‘আ করতে সচেষ্ট থাকবে। কেননা এটা তোমাদের দু‘আ কবূলের জন্য বেশি উপযোগী।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৮২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৮৩৯; মুসনাদ আহমাদ: ১/২১৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৪৮; আবূ আওয়ানা: ২/১৭০; সহীহ মুসলিম: ৪৭৯; হুমাইদী: ৪৮৯; সুনান বাইহাকী: ২/৮৭; আবূ দাঊদ: ৮৭৬; নাসাঈ: ২/১৮৮; দারেমী: ১/৩০৪; ইবনুল জারূদ: ২০৩; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২৩৩-২৩৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 	বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91113

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন